

পানি সম্পদ মন্ত্রণালয়
যৌথ নদী কমিশন, বাংলাদেশ
পানি ভবন (লেভেল-১০), ৭২ গ্রিন রোড, ঢাকা

নম্বর: ৪২.০৫.০০০০.০০০.০৭.০০৩.১২.২৬০

২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

১৯৯৬ সনে স্বাক্ষরিত গঙ্গার পানি বন্টন চুক্তির আওতায় ২০২৪ সনের ০১ জানুয়ারি হতে ১০ মার্চ পর্যন্ত বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গার পানি বন্টন সম্পর্কিত তথ্য ও উপাত্ত।

১২ ডিসেম্বর ১৯৯৬ তারিখে স্বাক্ষরিত গঙ্গার পানি বন্টন চুক্তি অনুযায়ী প্রতি বছর ০১ জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত দশ দিন-ওয়ারী চুক্তির সংলগ্নি ১-অনুযায়ী নিম্নবর্ণিতভাবে ফারাক্কায় লক্ষ গঙ্গার প্রবাহ ভারত ও বাংলাদেশের মধ্যে বন্টন করা হয়ঃ

ফারাক্কায় পানি প্রাপ্যতা	ভারতের অংশ	বাংলাদেশের অংশ
৭০,০০০ কিউসেক বা কম	৫০%	৫০%
৭০,০০০ কিউসেক থেকে ৭৫,০০০ কিউসেক	অবশিষ্ট প্রবাহ	৩৫,০০০ কিউসেক
৭৫,০০০ কিউসেক বা বেশী	৪০,০০০ কিউসেক	অবশিষ্ট প্রবাহ

তবে শর্ত আছে যে, বাংলাদেশ ও ভারত উভয়েই ১১ মার্চ থেকে ১০ মে সময়কালে একটি বাদ দিয়ে একটি দশ দিন-অনুক্রেমে গ্যারান্টিয়ুক্তভাবে ৩৫,০০০ কিউসেক পানি পাবে। সে অনুসারে বাংলাদেশ ১১-২০ মার্চ, ০১-১০ এপ্রিল এবং ২১-৩০ এপ্রিল এ তিনটি দশ দিন-এ গ্যারান্টিয়ুক্ত ৩৫,০০০ কিউসেক গঙ্গার পানি পাবে। অন্যদিকে ভারত ২১-৩১ মার্চ, ১১-২০ এপ্রিল এবং ০১-১০ মে এ তিনটি দশ দিন-এ গ্যারান্টিয়ুক্ত ৩৫,০০০ কিউসেক গঙ্গার পানি পাবে। ২০২৪ সনের ০১ জানুয়ারি হতে বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯৬ সনের চুক্তির উপরোক্ত সূত্রমতে ফারাক্কায় গঙ্গার পানি বন্টন কার্যক্রম শুরু হয়েছে। ০১ জানুয়ারি হতে ১০ মার্চ পর্যন্ত ভারত ও বাংলাদেশ যে পরিমাণ গঙ্গার পানি পেয়েছে তার উপাত্ত নিম্নরূপঃ

(পানির পরিমাণ কিউসেকে)

সময়	ফারাক্কায় প্রাপ্ত গঙ্গার পানির মোট পরিমাণ	চুক্তির সংলগ্নি-১ এর বন্টন ফর্মুলা অনুযায়ী				বাংলাদেশের হার্ভিজ সেতু পয়েন্টে প্রাপ্ত পরিমাণ	
		ফারাক্কায় প্রাপ্য বাংলাদেশের হিস্যা	ফারাক্কায় প্রাপ্ত বাংলাদেশের পরিমাণ	ফারাক্কায় প্রাপ্য ভারতের হিস্যা	ফারাক্কায় প্রাপ্ত ভারতের পরিমাণ		
জানুয়ারি	০১-১০	৯৩,৩৪৮	৫৩,৩৪৮	৫৩,৩৪৮	৪০,০০০	৪০,০০০	৬৩,১১৩
	১১-২০	৮৬,৫১২	৪৬,৫১২	৪৬,৫১২	৪০,০০০	৪০,০০০	৪৮,৫১৮
	২১-৩১	৮৫,৩৪৩	৪৫,৩৪৩	৪৫,৩৪৩	৪০,০০০	৪০,০০০	৪৮,৩৫৯
ফেব্রুয়ারি	০১-১০	৮২,৭৬১	৪২,৭৬১	৪২,৭৬১	৪০,০০০	৪০,০০০	৪৩,৯২৬
	১১-২০	৭৮,১৪৩	৩৮,১৪৩	৩৮,১৪৩	৪০,০০০	৪০,০০০	৩৪,৬৯৭
	২১-২৯	৭৬,২৪৫	৩৬,২৪৫	৩৬,২৪৫	৪০,০০০	৪০,০০০	৩৫,৭৫১
মার্চ	০১-১০	৭১,৬১৪	৩৫,০০০	৩৫,০০০	৩৬,৬১৪	৩৬,৬১৪	৩৬,৮১৮

প্রাপকঃ BSS/UNB/দৈনিকইত্তেফাক/জনকন্ঠ/প্রথমআলো/সংবাদ/ইনকিলাব/দিনকাল/সমকাল/যুগান্তর/কালেরকন্ঠ/নয়াদিগন্ত/ভোরের কাগজ/যায় যায় দিন/সকালের খবর/আমাদের সময়/The Daily Star/The Independent/The New Nation/The News Today/Daily Sun/Somoy TV/New Age/BTV; JRC web site: www.jrcb.gov.bd

১২-০৩-২০২৪

ড. মোহাম্মদ আবুল হোসেন
সদস্য